



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭
ইনোভেশন টিম



নম্বর: ৩৭.০১.৩৩০৪.৫১০.৯৯.০০১.২৪.৫

৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ইনোভেশন শোকেজিং কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৬/০৫/২০২৪ ইং তারিখ রোজ সোমবার, ইনোভেশন টিমের উদ্যোগে “৩.১ ইনোভেশন শোকেজিং” বাস্তবায়নের লক্ষ্যে এক ইনোভেশন শোকেজিং কর্মশালার আয়োজন করা হয়েছে।

উক্ত শোকেজিং এ অংশগ্রহণের জন্য আগামী ৩০/০৪/২৪ ইং তারিখের মধ্যে সংযুক্তিতে প্রদত্ত ছক অনুযায়ী এক পৃষ্ঠার একটি উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন innovation@duet.ac.bd তে ই-মেইল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উক্ত এক পৃষ্ঠার উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন পর্যালোচনা করার পর ০১/০৫/২৪ ইং তারিখে চূড়ান্ত অংশগ্রহণকারীর তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্তকৃত ইনোভেশন সমূহ “ইনোভেশন শোকেজিং” এ অংশগ্রহণ করবে। উল্লেখ্য শ্রেষ্ঠ ৩ টি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারীকে পুরস্কৃত করা হবে।

ইনোভেশন শোকেজিং এর নির্দেশনাবলী:

এক পৃষ্ঠার উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন (সংযুক্তি-১) ৩০/০৪/২৪ ইং তারিখের মধ্যে innovation@duet.ac.bd তে মেইল করতে হবে।

চূড়ান্ত অংশগ্রহণকারীর তালিকা ০১/০৫/২৪ তারিখে প্রকাশ করা হবে।

চূড়ান্তকৃত ইনোভেশন উদ্যোগ সমূহ নিয়ে আগামী ০৬/০৫/২৪ তারিখ ইনোভেশন শোকেজিং কর্মশালা আয়োজিত হবে।

প্রতিটি ইনোভেশন উদ্যোগে সর্বোচ্চ ২ জন করে প্রতিনিধি অংশগ্রহণ করতে পারবে।

প্রদর্শনীর দিন সকাল ৯:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত প্রদর্শনী চলবে। দুপুর ২:০০-৪:০০ টা পর্যন্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

ইনোভেশন উদ্যোগ সংশ্লিষ্ট লিফলেট, প্রজেন্টেশন ও ব্যানার প্রদর্শন করা যেতে পারে।

প্রদর্শনীর স্থান পরবর্তীতে জানানো হবে।

প্রদর্শনীর একটি টেবিল, বিদ্যুৎ সুবিধা ও ইন্টারনেট সুবিধা থাকবে।

সংযুক্তি-১: উদ্ভাবনী আইডিয়া সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

১৮-০৪-২০২৪

ড. মোঃ নজরুল ইসলাম

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ও পরিচালক (ছাত্র
কল্যাণ অফিস)

৮৮০২৪৯২৭৪০১৭

narul2100@yahoo.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পিএস টু ভিসি/এপিএস টু প্রো-ভিসি (ভিসি/প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান;
- ৩। রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), রেজিস্ট্রার অফিস, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৪। কম্পিউটার (ভারপ্রাপ্ত), কম্পিউটার অফিস, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এবং
- ৫। এপিএ টিম।



সকল সংযুক্তিসমূহ:

- (১) উদ্ভাবনী আইডিয়া সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন

উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন

নং	বিষয়	বিবরণ
১	উদ্ভাবনী উদ্যোগের নাম:	
২	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ:	
৩	(ক) উদ্ভাবনের পূর্বের ধাপ সংখ্যা:	
	(খ) উদ্ভাবনের পরের ধাপ সংখ্যা:	
৪	টিসিভি বিশ্লেষণ: (Time, Cost, Visit) পূর্বে কিরকম সময় লাগতো, এখন কেমন সময় লাগবে? পূর্বে কত খরচ হতো, এখন খরচ কেমন হবে? পূর্বে কতবার অফিস ভিজিট করতে হতো, এখন কতবার ভিজিট করা লাগবে?	
৫	বাস্তবায়নের বর্তমান অবস্থা:	
৬	বাস্তবায়নের উপকারিতা:	
৭	ওয়েব এড্রেস/অ্যাপ নেইম:	

১। নাম:
পদবী:
বিভাগ:

২। নাম:
পদবী:
বিভাগ: